# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৩১ জুমু'আর সালাতের রাকাআত সংখ্যা - ১৪৯. জুমু'আর ফরযের আগে ও পরে কত রাকাআত সালাত আদায় করব?

আমরা সকলেই জানি যে, জুমু'আর ফরয হলো ২ রাকাআত। আর সুন্নাত হলো- ফরযের আগে দু' রাকাআত (তাহিয়্যাতুল মাসজিদ) এবং পরে চার রাকাআত বা দুই রাকাআত। এর বাইরে ফরযের আগে অতিরিক্ত নির্দিষ্ট সংখ্যক কোন সালাত নেই। তবে দুই দুই রাকাআত করে যে যত রাকাআত ইচ্ছা নফল হিসেবে আদায় করতে পারে। উল্লেখ্য যে, প্রচলিত কাবলাল জুমু'আ শিরোনামে চার রাকাআত বিশিষ্ট কোন সালাত সহীহ হাদীসে পাওয়া যায় । খুৎবার আগে এক সালামে চার রাকাআত সালাত আদায়ের পক্ষে দলীল হিসেবে আনীত হাদীসটির সনদ খুবই দুর্বল যা গ্রহণযোগ্য নয়। তবে কমপক্ষে দুই রাকাআত তাহিয়্যাতুল মাসজিদ' সালাত পড়তেই হবে। এমনকি ইমাম সাহেবের খুৎবা চলাকালীন সময় মসজিদে প্রবেশ করলেও। তবে যারা আগে থেকেই দুই রাকাআত তাহিয়্যাতুল মাসজিদ সালাত আদায় করে বসে আছেন, তারা খুৎবার সময় কোন নামায পড়বে না। অতঃপর জুমু'আর ফরযের পর রাসূলুল্লাহ (সা.) চার রাকাআত সালাত আদায় করতে বলেছেন। তবে আয়েশা (রা.) বর্ণিত এক হাদীসে পাওয়া যায় যে, তিনি (সা.) জুমু'আর ফরযের পর বাড়িতে দু' রাকাআত সুন্নাত সালাত আদায় করেছেন। এ থেকে ইজতিহাদ করে ইমাম ইবনে তাইমিয়্যা (র) বলেছেন যে, ফরযের পর মসজিদে হলে চার রাকাআত আর বাড়িতে গিয়ে হলে দুই রাকাআত সুন্নাত নামায পড়বে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13048

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন